দৈনিক সংবাদ

তারিখ 18 DEC 1986
পৃষ্ঠা 1 কলাম 2

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের শীতকালীন ছুটি বাতিল ॥ সাপ্তাহিক ছুটি ১ দিন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আসন্ন শীতকালীন ছুটি বাতিল করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সাপ্তাহিক ছুটি একদিন কমিয়ে দেয়ারও সিদ্ধান্ত নেয়া হয়েছে।

গতকাল বুধবার অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের সভায় এসব সিদ্ধান্ত নেয়া হয়। ছাত্র-ছাত্রীদের মঙ্গল ও স্বার্থের কথা চিন্তা করে এবং শিক্ষক সমিতির সুপারিশের ভিত্তিতে এ পদক্ষেপ নেয়া হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। ইতিপূর্বে বলা হয়েছিল আগামী ২৪ থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত শীতকালীন ছুটি থাকবে। তা বাতিল করে এখন শুধু ২৪ থেকে ২৬শে ডিসেম্বর পর্যন্ত বড় দিনের ছুটি বহাল রাখা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ে বর্তমানে বৃহস্পতি ও শুক্রবার সাপ্তাহিক ছুটি থাকে। এই ছুটি কমিয়ে শুধু শুক্রবার করা হয়েছে। আগামী ১লা জানুয়ারী '৮৭ থেকে এই সিদ্ধান্ত কার্যকর হবে।